



মনিটরিং পলিসি ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

website: www.bb.org.bd

এমপিডি সার্কুলার নং-০৩

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২২  
১৪ আশ্বিন ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠান।

বাংলাদেশ ব্যাংকের রেপো সুদহার পুনঃনির্ধারণ প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

রেপো সুদহার পুনঃনির্ধারণ বিষয়ে বিগত ৩০ জুন ২০২২ তারিখের এমপিডি সার্কুলার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অদ্য ২৯ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত মনিটরিং পলিসি কমিটি'র ৫৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ ব্যাংকের ওভারনাইট রেপো সুদহার বিদ্যমান বার্ষিক শতকরা ৫.৫০ ভাগ থেকে ২৫ বেসিস পয়েন্ট বৃদ্ধি করে শতকরা ৫.৭৫ ভাগে পুনঃনির্ধারণ করা হলো। উল্লেখ্য যে, রিভার্স রেপো সুদহার বিদ্যমান বার্ষিক শতকরা ৪.০০ ভাগে অপরিবর্তিত থাকবে।

০৩। এ নির্দেশনা আগামী ০২ অক্টোবর ২০২২ হতে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল কাইউম)  
পরিচালক (গবেষণা)  
ফোনঃ ৯৫৩০০৫৯